৪ কলাম × ৮″ (সাদা-কালো)

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

www.jnu.ac.bd

বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ১ম সমাবর্তন
সমাবর্তনের দিন গ্র্যাজুয়েটদের করণীয়



রুট ম্যাপ

১. গ্র্যাজুয়েটগণ সমাবর্তন অনুষ্ঠানস্থলে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠ (ধূপখোলা মাঠ) গেন্ডারিয়ায় সকাল ৮:০০টা থেকে বেলা ১০:৩০টার মধ্যে প্রবেশ করবেন। এরপর কোনোভাবেই সমাবর্তন অনুষ্ঠান স্থলে প্রবেশ করা যাবে না।

২. ধূপখোলা মাঠের ১ ও ২ নং গেইট দিয়ে কলা, ব্যবসায় শিক্ষা ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের গ্র্যাজুয়েটগণ এবং ৩ নং গেইট দিয়ে বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদের গ্র্যাজুয়েটগণ প্রবেশ করবেন।

৩. মাননীয় চ্যান্সেলরের শোভাযাত্রা প্যান্ডেলে প্রবেশের সময় থেকে মাননীয় চ্যান্সেলর মঞ্চে আসন গ্রহণ না করা পর্যন্ত অতিথিবৃন্দসহ সমাবর্তনে অংশগ্রহণকারী সকলে অনুগ্রহপূর্বক নিজ নিজ আসনের সামনে দাঁড়িয়ে থাকবেন।

৪. মাননীয় চ্যান্সেলর কর্তৃক সমাবর্তন অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণার পর মাননীয় চ্যান্সেলরের শোভাযাত্রা সমাবর্তন স্থল ত্যাগ না করা পর্যন্ত সবাই অনুগ্রহ পূর্বক নিজ নিজ আসনে অবস্থান করবেন।

৫. গ্র্যাজুয়েটগণ অবশ্যই এন্ট্রিপাস সাথে আনবেন। এন্ট্রিপাস হস্তান্তরযোগ্য নয়। এন্ট্রিপাস ব্যতীত কোনোভাবেই সমাবর্তন স্থলে প্রবেশ করতে পারবেন না। মোবাইলফোন বা অন্য কোনো ইলেক্ট্রনিক ডিভাইস, হ্যান্ডব্যাগ, ব্রিফকেস, ক্যামেরা, ছাতা, কলম, চাবির রিং, চিরুনী, লিপজেল, খাবার ও পানির বোতল সঙ্গে নিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করা যাবে না।

৬. গ্র্যাজুয়েটগণ অভিভাবক, স্বামী/স্ত্রী, সন্তান-সন্ততি ও কোনো অতিথি নিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করতে পারবেন না; তবে তাঁরা জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আসতে এবং অবস্থান করতে পারবেন।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার